দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 DEC 1995

পৃষ্ঠা ১ কলাম ৬

৫২

### প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন

# এবতেদাই মাদ্রাসা শিক্ষকরা মাসে ৫শ' টাকা ভাতা পাবেন ॥ গাজীপুরে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বৃহস্পতিবার গাজীপুরে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এর মধ্য দিয়ে দুই শতাব্দীর পুরনো একটি দাবি পূরণ করা হলো।

প্রায় ৭ কোটি ৩১ লাখ টাকা ব্যয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিপরীত দিকে এই ইনস্টিটিউট নির্মাণ করা হবে। এতে ২শ' শয্যার শিক্ষক হোস্টেল, ৫০ শয্যার শিক্ষিকা হোস্টেল, একটি প্রশাসনিক একাডেমী এবং একটি মসজিদ থাকবে। খবর ইউএনবি'র।

অনুষ্ঠানে ভাষণদানকালে বেগম জিয়া ঘোষণা করেন, এখন থেকে নিবন্ধনকৃত এবতেদাই মাদ্রাসা (প্রাথমিক স্কুল

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## এবতেদাই

(প্রথম পাতার পর)

পর্যায়) শিক্ষকরা নিবন্ধনকৃত প্রাথমিক স্কুল শিক্ষকদের ভাতার মতো প্রতিমাসে ৫শ' টাকা করে পাবেন। এর পাশাপাশি এবতেদাই মাদ্রাসাকে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে আনা হবে এবং ছাত্রছাত্রীরা বিনামূল্যে বই ও অন্য শিক্ষা সামগ্রী পাবে।

বেগম জিয়া বলেন, মাদ্রাসা ছাত্রছাত্রীদের মেডিক্যাল, কারিগরি, প্রকৌশল ও সাধারণ শিক্ষার ক্ষেত্রে উচ্চ শিক্ষার সুযোগদানের লক্ষ্যে সরকার মাদ্রাসা পাঠ্যক্রমে সাধারণ শিক্ষাকে অন্তর্ভুক্ত করেছে।

প্রধানমন্ত্রী গাজীপুর-চন্দনা চৌরাস্তায় ২৫০ শয্যার গাজীপুর আধুনিক হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।